ডাইরি/ওয়েবসাইটে আপলোডের ব্যবস্থা নিন

১৪৫৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার
সদর দপ্তর
৩১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি
শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.betar.gov.bd

স্মারক নম্বর : ১৫.৫৩.০০০০.০১৩.২৫.০০২.২৪. ৮৬৫

তারিখ : বঙ্গাব্দ / ২৭-১০-২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: ২ সপ্তাহব্যাপী "১১০তম জুনিয়র সিকিউরিটি কোর্স-২০২৪"-এর প্রশিক্ষণার্থী মনোনয়ন প্রসঙ্গে।

সূত্র : জাতীয় নিরাপত্তা গোয়েন্দা প্রশিক্ষণ ইনস্টিটিউট, ধানমন্ডি, ঢাকার ০৬-১০-২০২৪ তারিখের ০৩.১২.২৬১৬.৫৪০.৫৬.০০২.২৪.১২৪৬ নম্বর পত্র।

উপযুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের আলোকে জানানো যাচ্ছে যে, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা প্রশিক্ষণ ইনস্টিটিউটে আগামী ২০ অক্টোবর হতে ৩১ অক্টোবর ২০২৪ খ্রিঃ পর্যন্ত ২ সপ্তাহব্যাপী "১১০তম জুনিয়র সিকিউরিটি কোর্স-২০২৪" অনুষ্ঠিত হবে। উক্ত কোর্সটিতে নিরাপত্তা সংক্রান্ত কাজে নিয়োজিত বাংলাদেশ বেতারের নিম্নবর্ণিত ২ (দুই) জন কর্মকর্তাকে মনোনয়ন প্রদান করা হলো :

| ক্রঃ নং | কর্মকর্তার নাম ও পদবি | দপ্তরের নাম | মোবাইল নম্বর |
|---|---|---|---|
| ১. | জনাব আজমিরী খানম<br>নিরাপত্তা কর্মকর্তা<br>গ্রেড-১০ | উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১<br>বাংলাদেশ বেতার, সাভার, ঢাকা। | ০১৭১৫১২১৯৯৯ |
| ২. | জনাব এ এস এম হাফিজুর রহমান<br>নিরাপত্তা কর্মকর্তা<br>গ্রেড-১০ | মহাশক্তি প্রেরণ কেন্দ্র<br>বাংলাদেশ বেতার, ধামরাই, ঢাকা। | ০১৭১০৫৩৩১২২ |

২। এ বাবদ যাবতীয় ব্যয়ভার ২০২৪-২০২৫ অর্থ বছরের বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকার বাজেট কোড ১৩৩০৬০১-১১৯০৭৫-৩২৩১৩০১ প্রশিক্ষণ খাত থেকে বহন করা হবে।

সংযুক্তি : যোগদান নির্দেশিকা।

মোঃ ফখরুল করিম
উপপরিচালক (প্রশাসন ও অর্থ)
মহাপরিচালকের পক্ষে
☎: ৪৪৮১৩০৭৭

অতিরিক্ত পরিচালক
পরিচালক (প্রশিক্ষণ)-এর কার্যালয়
জাতীয় নিরাপত্তা গোয়েন্দা প্রশিক্ষণ ইনস্টিটিউট
ধানমন্ডি, ঢাকা।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, মহাশক্তি প্রেরণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, ধামরাই, ঢাকা।
৩। সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, ঢাকা **(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)**।
৪। আবাসিক প্রকৌশলী, উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১, বাংলাদেশ বেতার, সাভার, ঢাকা।
৫। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, সাভার/ধামরাই, ঢাকা।
৬। প্রশাসনিক অফিসার, হিসাব শাখা, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
৭। সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ.........................................।
৮। মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। গার্ড ফাইল (সংস্থাপন-২)।

সংযুক্তি

# যোগদান নির্দেশিকা

"জাতীয় নিরাপত্তায় প্রতিজ্ঞাবদ্ধ"

**(Committed to National Security)**

## ১১০তম জুনিয়র সিকিউরিটি কোর্স-২০২৪

মেয়াদকাল ঃ ০২ সপ্তাহ (২০ অক্টোবর, ২০২৪ - ৩১ অক্টোবর, ২০২৪)

এনএসআই প্রশিক্ষণ ইনস্টিটিউট

বাড়ী নং-২০, রোড নং- ০৩, ধানমন্ডি, ঢাকা

# যোগদান নির্দেশিকা

## ১১০তম জুনিয়র সিকিউরিটি কোর্স - ২০২৪
## এনএসআই প্রশিক্ষণ ইনস্টিটিউট

**ভূমিকা:** আগামী ২০ অক্টোবর হতে ৩১ অক্টোবর, ২০২৪ পর্যন্ত এনএসআই প্রশিক্ষণ ইনস্টিটিউটে অনুষ্ঠিতব্য ১১০তম জুনিয়র সিকিউরিটি কোর্স-২০২৪ অনুষ্ঠিত হবে। এই কোর্সটি বিশেষত বাংলাদেশের বিভিন্ন সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত সংস্থা এবং কেপিআইসমূহের নিরাপত্তা সংশ্লিষ্ট দায়িত্বে নিয়োজিত ২য় ও ৩য় শ্রেণীর কর্মকর্তা- কর্মচারীগণের জন্য তাদের কৌশলগত নিরাপত্তা জ্ঞান এবং দক্ষতা বাড়াতে পরিকল্পনা করা হয়েছে। নীচে প্রশিক্ষণার্থীর অংশগ্রহণের জন্য বিস্তারিত নির্দেশনাবলী লিপিবদ্ধ করা হলো:

**কোর্সসংক্রান্ত তথ্যাদি:**

১। **কোর্সের নাম:** ১১০তম জুনিয়র সিকিউরিটি কোর্স-২০২৪
২। **তারিখ:** ২০ অক্টোবর হতে ৩১ অক্টোবর, ২০২৪
৩। **কোর্সের সময়কাল:** ২ সপ্তাহ (১০ কর্মদিবস)
৪। **ভেন্যু:** এনএসআই প্রশিক্ষণ ইনস্টিটিউট, বাড়ী নং- ২০, রোড নং- ০৩, ধানমন্ডি, ঢাকা।
৫। **রিপোর্টিং সময়:** সকাল ৮.৩০ টা (২০ অক্টোবর, ২০২৪)।
৬। **কোর্স ওআইসি:** নয়ন শিকদার, উপ-পরিচালক (ফোনঃ ০১৭১৯-৩৯২৭৬৪)
৭। **কোর্স টুআইসি:** নিফাত ইসলাম, সহকারী পরিচালক (ফোনঃ ০১৬৮২-৪৮২৬৩৩)

**প্রশাসনিক তথ্যাদি:**

১। **আবাসন ব্যবস্থা: শহরের বাইরে থেকে আগত প্রশিক্ষণার্থীদের** জন্য এনএসআই প্রশিক্ষণ ইনস্টিটিউটের ডরমিটরিতে বিনামূল্যে আবাসনের সুব্যবস্থা রয়েছে। কোন প্রশিক্ষণার্থী ডরমিটরিতে অবস্থান করতে ইচ্ছুক থাকলে কমপক্ষে ২ দিন আগে কোর্স ওআইসি-কে ফোনে অবহিত করতে হবে। উল্লেখ্য, ডরমিটরিতে অবস্থান বাধ্যতামূলক নয়।

২। **আহারের ব্যবস্থা:** প্রশিক্ষণ ইনস্টিটিউটের ক্যাফেটেরিয়ায় স্ন্যাকস ও খাবারের ব্যবস্থা রয়েছে। তবে প্রশিক্ষণার্থীগণ এ সংক্রান্ত ব্যয়ভার নিজেরা বহন করবেন।

৩। **রেজিস্ট্রেশন ও কোর্স ফি'র পে অর্ডার:** প্রশিক্ষণ ইনস্টিটিউটে আগমনের পর প্রশিক্ষণার্থীকে ইনস্টিটিউটের নির্ধারিত অভ্যর্থনা কক্ষে রেজিস্ট্রেশন ডেস্কে রিপোর্ট করতে হবে। এ সময় অবশ্যই নিজ নিজ প্রতিষ্ঠান কর্তৃক প্রেরিত কোর্স ফি বাবদ নির্ধারিত টাকার সমমূল্যের পে অর্ডার কর্তব্যরত কর্মকর্তাকে প্রদান করতে হবে।

৪। **ছবি:** রেজিস্ট্রেশন সম্পন্ন করার সময় প্রত্যেক প্রশিক্ষণার্থীকে সম্প্রতি তোলা ২ কপি পাসপোর্ট ও ২ কপি স্ট্যাম্প সাইজের রঙ্গিন ছবি জমাদান করতে হবে।

৫। **প্রশিক্ষণসামগ্রী প্রদান:** রেজিস্ট্রেশন সম্পন্ন করার পর প্রত্যেক প্রশিক্ষণার্থীর জন্য প্রস্তুতকৃত প্রশিক্ষণসামগ্রী প্রদান করা হবে (ব্যাগ, আইডি কার্ড, প্রয়োজনীয় ষ্টেশনারী সামগ্রী ইত্যাদি)।

৬। **মেডিকেল সাপোর্ট:** কোর্স চলাকালীন প্রশিক্ষণার্থীগণ যেকোন জরুরি অবস্থার জন্য এনএসআই প্রশিক্ষণ ইনস্টিটিউটের কর্তব্যরত মেডিকেল টিম হতে মেডিকেল সাপোর্ট নিতে পারবেন।

**একাডেমিক তথ্যাদি:**

১। **কোর্সের বিষয়সমূহ:** ২ সপ্তাহব্যাপী কোর্সটিতে অংশগ্রহণকারীদেরকে নিম্নলিখিত বিষয়সমূহে পাঠদান করা হবে।

| | |
|---|---|
| ক। ইন্টেলিজেন্স। | ছ। অফিশিয়াল সিক্রেট এ্যাক্ট ১৯২৩। |
| খ। গুপ্তচরবৃত্তি, নাশকতা ও অন্তর্ঘাত সম্বন্ধে ধারণা প্রদান। | জ। ভেরিফিকেশন ও ভেটিং। |
| গ। কাউন্টার ইন্টেলিজেন্স এবং ওপেন সোর্স ইন্টেলিজেন্স। | ঝ। কেপিআই নিরাপত্তার বিভিন্ন দিক। |
| ঘ। সন্ত্রাসবাদ ও প্রতি-সন্ত্রাসবাদ। | ঞ। গুজব ও প্রপাগান্ডা |
| ঙ। সুরক্ষামূলক নিরাপত্তা: কর্মচারী, স্থাপনা এবং দলিল-দস্তাবেজের নিরাপত্তা। | ট। সাইবার নিরাপত্তা। |
| চ। সরকারের শ্রেণিবিন্যাসকৃত (ক্লাসিফাইড) দলিল-দস্তাবেজের নিরাপত্তা। | ঠ। অগ্নি নিরাপত্তা। |

২। **সনদপত্র:** সকল প্রশিক্ষণার্থীদেরকে কোর্স সমাপ্তিতে সার্টিফিকেট প্রদান করা হবে।

৩। **অনুশীলন:** প্রয়োজনীয় বিষয়ে হাতেকলমে ধারণা প্রদান করার জন্য সংশ্লিষ্ট বিষয়ে ইনডোর অনুশীলন পরিচালনা করা হবে। এসব অনুশীলনে অংশগ্রহণকারীদের ল্যাপটপ/ট্যাবলেট প্রয়োজন হতে পারে। তাই ল্যাপটপ/ট্যাবলেট নিয়ে আসার পরামর্শ দেওয়া হচ্ছে।

৪। **প্রশিক্ষণকালীন পোষাক পরিচ্ছদ:** প্রশিক্ষণ চলাকালীন পুরুষ এবং নারী উভয়কেই মার্জিত রংয়ের ফরমাল ড্রেস পরিধান করা বাঞ্ছনীয়।

৫। **হ্যান্ডআউট:** কোর্সের বিষয়সমূহের হ্যান্ডআউট ইনস্টিটিউট কর্তৃক সরবরাহ করা হবে।

৬। **আচরণবিধি:**-অংশগ্রহণকারীদের পুরো কোর্স জুড়ে পেশাদারিত্ব এবং শৃঙ্খলা বজায় রাখার জন্য অনুগ্রহ করে সকল সেশনের জন্য সময়মত উপস্থিতি নিশ্চিত, ক্লাসের সময় মোবাইল ফোন নির্ধারিত বক্সে রাখাসহ আনুসঙ্গিক আচরণবিধি বজায় রাখার জন্য অনুরোধ করা হচ্ছে।

৭। **ছুটি:** প্রশিক্ষণ চলাকালীন প্রশিক্ষণার্থীদের কোন ধরণের ছুটি মঞ্জুর করা হবে না।

৮। **প্রশিক্ষণ ভাতা:** প্রশিক্ষণার্থীদেরকে নির্ধারিত হারে প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে।

৯। **যোগাযোগ:** প্রশিক্ষণ চলাকালীন যেকোনো সহায়তা বা অনুসন্ধানের জন্য কোর্স ওআইসি কিংবা কোর্স টুআইসি'র প্রদত্ত নম্বরে নির্দ্বিধায় যোগাযোগ করুন।

**নিবেদক**

| | |
|---|---|
| **কোর্স ওআইসি**<br>**নয়ন শিকদার**<br>**উপ-পরিচালক**<br>**ফোনঃ ০১৭১৯-৩৯২৭৬৪** | **কোর্স টুআইসি**<br>**নিফাত ইসলাম**<br>**সহকারী পরিচালক**<br>**ফোনঃ ০১৬৮২৪৮২৬৩৩** |